গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট শাখা-১

| | | |
|---|---|---|
| বিষয় | ঃ | **২০১৮-২০১৯ অর্থবছরের বাজেট ব্যবস্থাপনা কমিটির ৩য় সভার কার্যবিবরণী।** |
| সভাপতি | ঃ | মোস্তাফা কামাল উদ্দীন, সচিব, জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| স্থান | ঃ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ ও সময় | ঃ | ২৬/১১/২০১৮, সকাল ১১.৩০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

বাজেট ব্যবস্থাপনা কমিটির সভাপতি সচিব, জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর সভাপতিত্বে ২৬/১১/২০১৮তারিখ বিকাল ৩.৩০ ঘটিকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) সভা পরিচালনা করেন। অতঃপর সভাপতির সম্মতিক্রমে আলোচ্যসুচির ক্রম অনুযায়ী যুগ্মসচিব (বাজেট) সভার এজেন্ডসমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

০২। আলোচ্যসূচি-১ অনুযায়ী জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের চলতি ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য জননিরাপত্তা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) প্রথম ত্রৈমাসিক অগ্রগতির খসড়া সভায় উপস্থাপন করা হয় এবং বাস্তব অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অগ্রগতির বিষয়ে প্রত্যকটি দপ্তর/অধিদপ্তর এর প্রতিনিধির মতামত গ্রহণ করা হয়। ইতোমধ্যে APA অনুযায়ী যে সব লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে তার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং পিছিয়ে পড়া বিষয়ে আরো গুরুত্ব দেয়ার জন্য সকলকে অনুরোধ করা হয়। উপস্থাপিত APA অগ্রগতি আংশিক সংশোধণপূর্বক অনুমোদনের পক্ষে সকলকে মতামত প্রদান করেন।

০৩। সভায় সভাপতি জানান যে, সরকার ঘোষিত ভিশন ২০২১ ও ২০৪১ SDG, MBF, APA, NIS প্রভৃতি বিষয় একসাথে বিবেচনায় নিয়ে এবং প্রতিশ্রুত APA অনুযায়ী সরকার ঘোষিত সেবা জনগণের কাছে পৌছানো নিশ্চত করতে হবে। যাতে জননিরাপত্তা বিভাগ ও এর অধীন প্রতিটি দপ্তর/অধিদপ্তররের ভাবমূর্তি আরো উজ্জল হয়। সভায় উত্থাপিত সকল দপ্তর/অধিদপ্তর ও জননিরাপত্তা বিভাগের APA এর প্রথম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন (সংযুক্ত পরিশিষ্ট-খ) বিস্তারিত আলোচনান্তে সংশোধনপূর্বক অনুমোদিত হয় এবং তা যথানিয়মে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য উন্নয়ন অনুবিভাগকে দায়িত্ব প্রদান করা হয়।

০৪। বিবিধ আলোচনায় যুগ্মসচিব(বাজেট) সভাকে অবহিত করেন যে, প্রত্যেকটি দপ্তর/অধিদপ্তর তাদের বিভিন্ন শাখা হতে আর্থিক চাহিদা না পাঠিয়ে শুধুমাত্র তাদের বাজেট/অর্থ শাখা হতে আর্থিক প্রস্তাব (Financial Proposal) জননিরাপত্তা বিভাগে প্রেরণ করলে আর্থিক ব্যবস্থাপনা সহজতর হয়। উল্লেখ্য যে,বাংলাদেশ পুলিশ হতে সকল আর্থিক প্রস্তাব তাদের বাজেট/অর্থ শাখার মাধ্যমে প্রেরণ করে থাকে। এ বিষয়ে সকল দপ্তর/অধিপ্তরের সহযোগিতা প্রয়োজন।

০৫। অত:পর উপসচিব (বাজেট-১) সভাকে অবহিত করেন যে, অর্থ বিভাগ কর্তৃক গ্রহীত চাইল্ড ফোকাস বাজেট মডিউলের আওতায় গৃহীত বিগত ২০১৭-২০১৮ অর্থবছরের কার্যক্রম অর্থ বিভাগ কর্তৃক প্রশংসিত হয়েছে। বিশেষ করে এ বিভাগের চাইল্ড ফোকাস বাজেট ও ডেডিকেটেড বাজেট বরাদ্দ সন্তোষ জনক হওয়ায় অর্থ বিভাগের শিশু বাজেট সংক্রান্ত সভায় সন্তোষ প্রকাশ করা হয়। এর ধারাবাহিকতায় চলতি অর্থবছরের শিশু বাজেট বাস্তবায়নে আরো মনোযোগ দিতে হবে ও ভবিষ্যতে শিশুদের জন্য জননিরাপত্তা বিভাগের বাজেট বরাদ্দ বৃদ্ধি করতে হবে। বাজেট প্রণয়ন ও বাস্তবায়নে আরো ইনোভেটিভ হতে হবে মর্মে অর্থ বিভাগের বর্ণিত সভায় নির্দেশনা প্রদান করা হয়। অর্থ বিভাগ কর্তৃক **"বিকশিত শিশুঃ সমৃদ্ধ বাংলাদেশ"** নামের বাজেট সংক্রান্ত প্রকাশনায় জননিরাপত্তা বিভাগের উপস্থাপনা সুন্দর হয়েছে মর্মে উক্ত সভায় অভিমত ব্যক্ত করা হয়। উপসচিব (বাজেট-১) শিশু বাজেটের বিষয়গুলো সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থাপন করেন এবং সভাপতির মাধ্যমে এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। শিশু বাজেট প্রণয়ন ও বাস্তবায়নে সকলে সহযোগীতা ও প্রয়োজনীয় ব্যবস্থা করবেন মর্মে সম্মত হয়।

০৪। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

(ক) জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরসমূহের চলতি ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পদন চুক্তির (APA) প্রথম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন(সংযুক্ত পরিশিষ্ট-খ) অনুমোদন করা হয়।

(খ) অনুমোদিত বার্ষিক কর্মসম্পদন চুক্তির (APA) ত্রৈমাসিক প্রতিবেদন যথানিয়মে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য উন্নয়ন অনুবিভাগকে অনুরোধ করা হয়।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

(গ) জননিরাপত্তা বিভাগের চলতি ২০১৮-২০১৯ অর্থবছরের শিশু বাজট বাস্তবায়নে দৃঢ় পদক্ষেপ গ্রহণ মনোনিবেশ করতে হবে এবং আগামী অর্থবছরের বাজেটে অধিক শিশুবান্ধব প্রকল্প/কর্মসূচি/পদক্ষেপ অন্তর্ভূক্ত করতে হবে।

০৫। সভার আলোচ্যসুচিতে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৬/১১/২০১৮
(মোস্তাফা কামাল উদ্দীন)
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি, জননিরাপত্তা বিভাগ।

নং- ৪৪.০০.০০০০.০২৪.০৫.০০৬৩.২০১৮-

তারিখ ঃ ২৯ নভেম্বর, ২০১৮ খ্রিঃ।
১৫ অগ্রহায়ণ ১৪২৫ বঃ

বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও ভিডিপি অধিদপ্তর, ঢাকা।
৪। মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড, ঢাকা।
৫। সমন্বয়ক, তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
৬। পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি),তেজগাঁও, ঢাকা।

(আবু নাছের ভূঁঞা)
উপসচিব
ফোন: ৯৫৭৪৫১৩

নং- ৪৪.০০.০০০০.০২৪.০৫.০০৬৩.২০১৮- ৭২৪/১(২০)

তারিখ ঃ ২৯ নভেম্বর, ২০১৮ খ্রিঃ।
১৫ অগ্রহায়ণ ১৪২৫ বঃ

অনুলিপিঃ সদয় জ্ঞার্তার্থে ও কার্যার্থে
১। অতিরিক্ত সচিব ......................................................................................(সকল অনুবিভাগ)।
২। অতিরিক্ত সচিব(বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৪। যুগ্ম-সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।(বিষয়টি জননিরাপত্তা বিভাগ এর ওয়েব সাইটে প্রকাশ করা জন্য)।

২৯/১১
(আবু নাছের ভূঁঞা)
উপসচিব